

সারাদেশ

অবৈধভাবে সার মজুত, নীলফামারীতে দুই ব্যবসায়ীকে জরিমানা

প্রতিবেদক: জেলা প্রতিনিধি, নীলফামারী

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৪৬ PM



নীলফামারী সদর উপজেলার কচুকাটা বাজারে অবৈধভাবে মজুত করে রাখা ৭৯৪ বস্তা সার জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। এ ঘটনায় দুটি সার ব্যবসাপ্রতিষ্ঠানকে মোট ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে বাজারটির দুটি সার ব্যবসাপ্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মুবাশ্বিরা আমাতুল্লাহ। তাঁকে সহযোগিতা করেন উপজেলা কৃষি কর্মকর্তা আতিক আহমেদ ও থানা-পুলিশের সদস্যরা।

অভিযানে কচুকাটা বাজারের ভাই ভাই ট্রেডার্স-এর গুদাম থেকে ৭৪৮ বস্তা সার জব্দ করা হয়। প্রতিষ্ঠানটির মালিক শহিদুল্লাহ ওরফে যাদু মিয়া অনুমোদনের বাইরে এসব সার মজুত করেছিলেন বলে অভিযানসংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। পরে কৃষকদের কাছে বেশি দামে সার বিক্রির অভিযোগও পাওয়া যায়।

জন্ম করা সারের মধ্যে ছিল ৫০০ বস্তা এমওপি, ১৯৩ বস্তা টিএসপি, ৩৭ বস্তা ডিএপি ও ১৮ বস্তা ইউরিয়া। এ ঘটনায় প্রতিষ্ঠানটির মালিককে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

একই অভিযানে মেসার্স মাস্টার ট্রেডার্স থেকেও অবৈধভাবে মজুত করা ৪৬ বস্তা সার জন্ম করা হয়। এর মধ্যে ২২ বস্তা ইউরিয়া, ৫ বস্তা টিএসপি, ১২ বস্তা ডিএপি ও ৭ বস্তা এমওপি রয়েছে। প্রতিষ্ঠানটির মালিক শাহজাহান ইসলামকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

দুটি প্রতিষ্ঠান থেকে জন্ম করা মোট ৭৯৪ বস্তা সার এখন প্রশাসনের হেফাজতে রয়েছে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুবাশ্বিরা আমাতুল্লাহ বলেন, জন্ম করা সার উপজেলা কৃষি কর্মকর্তার মাধ্যমে কৃষকদের কাছে বিক্রি করা হবে। জরিমানার টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হবে।

তিনি বলেন, কৃষকদের স্বার্থে অবৈধভাবে সার মজুত ও বেশি দামে বিক্রির বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

প্রশাসনের কর্মকর্তারা জানান, কৃষি মৌসুমে কৃত্রিম সংকট তৈরি করে সারের দাম বাড়ানোর সুযোগ ঠেকাতে বাজারে নজরদারি বাড়ানো হয়েছে। অনুমোদনের বাইরে সার মজুত, কৃত্রিম সংকট তৈরি কিংবা কৃষকদের কাছ থেকে বেশি দাম নেওয়ার অভিযোগ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা] মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/oboidhbhabe-sar-mjut-nilfamarite-dui-bjbsayike-jrimana>